R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সবার সেরা
কালি, গাম, প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৭১শ বর্ষ. ৩৬শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৯ই মাঘ বুধবার, ১৩৯১ সাল
২৩শে জানুয়ারী, ১৯৮৫ সাল।
নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২৲, ১৪৲সডাক

## ৫ সোনার দোকানে চুরির মদতদাতা এক স্বর্ণ ব্যাপারী ?

বিশেষ সংবাদদাতা : রঘুনাথগঞ্জ শহরের পাঁচটি সোনার দোকানে দুঃসাহসিক চুরির খোঁজে পুলিশ ২৪-পরগণার বারাসাতে যাচ্ছে। দিনকয় আগে নদীয়ার কালীগঞ্জে রঘুনাথগঞ্জের মত একই কায়দায় কয়েকটি সোনার দোকানে চুরি করে পালাবার পথে সেখানকার জনসাধারণের হাতে ট্রাকসহ ট্রাকের ড্রাইভার ধরা পড়ে। ট্রাকটি বারাসতের। ড্রাইভার ওই চুরির সঙ্গে জড়িত বারাসাতের কয়েকজন ক্রিমিনালের নাম-ধাম পুলিশকে জানিয়েছে। পুলিশ আভাষ পেয়েছে যে, রঘুনাথগঞ্জের ওই দুঃসাহসিক চুরির মূলপাণ্ডাও ওই ক্রিমিনালরা। আরও আভাষ মিলেছে যে. ওই চুরির ইন্ধনদাতা হিসেবে নাকি এই শহরেরই এক বড় স্বর্ণ ব্যবসায়ী জড়িত। তার উপর আপাততঃ পুলিশ নজর রেখেছে। রঘুনাথগঞ্জ থানার ওসি স্বদেশ সরকার এ সম্পর্কে তদন্তে বুধবার (আজ) নদীয়ার কালীগঞ্জে যান। ফিরে আসেন রাত্রি নাগাদ। বৃহস্পতিবার রাত্রে চোরেদের খোঁজে ফের যাবেন বারাসতে। সেখান থেকে ফিরলে স্থানীয় পর্যায়ে তদন্ত শুরু হবে। প্রসঙ্গত উল্লেখ্য গত মাসে রঘুনাথগঞ্জে একই রাত্রে ৫টি সোনার দোকানে সিন্দুকসহ স্বর্ণালংকার চুরি হয়। এই চুরির প্রতিবাদে শহরে পুলিশের বিরুদ্ধে দেখা দেয় বিক্ষোভ ও বন্ধ। পুলিশের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ ওঠে। পুলিশ তাই ওই চুরির সূত্র খুঁজতে উঠেপড়ে লেগেছে। পুলিশের আশা, তারা সূত্রের সন্ধানে 'কেঁচো খুঁড়তে সাপ' বের করতে পারবেন।

## ব্যাপক চুরি ও লোডশেডিং-এ নাজেহাল অবস্থা

বিশেষ সংবাদদাতা : ব্যাপক চুরি ও কর্তব্যকর্মে অবহেলার ফলে জঙ্গিপুর এলাকার বিদ্যুৎ বিভাগে চরম নৈরাজ্য দেখা দিয়েছে। অন্যদিকে বিদ্যুৎ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ায় শুরু হয়েছে মহকুমার সর্বত্র ভয়াবহ লোডশেডিং। ফলে ব্যবসা-বাণিজ্য, ছোটখাট শিল্প সব কিছুই অচল হয়ে পড়েছে। গত কিছুদিনে উমরপুর সাবষ্টেশন থেকে কয়েক লাখ টাকার বৈদ্যুতিক সরঞ্জাম রহস্যজনক ভাবে চুরি গেছে। পাহারাদার ও কঠোর নিরাপত্তার মধ্য থেকে কিভাবে এসব সামগ্রী চুরি যেতে পারে পুলিশ তা কিছুতেই ভেবে উঠতে পারছে না। সম্প্রতি ওই সাবষ্টেশন থেকে প্রায় ৫০/৬০ হাজার টাকা মূল্যের ট্রান্সফরমার কয়েল তার চুরি হয়ে গেছে। কিভাবে এবং কবে এই চুরি সংঘটিত হয়েছে সাবষ্টেশনের কর্তারা তাও পুলিশকে সঠিকভাবে বলতে পারেননি। পুলিশ সূত্রে জানা গেছে, ওই চুরির ঘটনায় ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের সন্দেহ এই ঘটনার সঙ্গে সাবষ্টেশনের কেউ কেউ জড়িত রয়েছে। এর আগে সেখানে অনুরূপ একটি চুরিতে ওই সাবষ্টেশনের এক অপারেটরকে গ্রেপ্তার করা হয়। এদিকে স্থানীয় বিদ্যুৎ বিভাগে যে, বিশৃংখল অবস্থা চলছে তার কারণ হিসেব 'ঢালাও ভাবে কর্মচারীদের বদলীর আদেশ' বলে মনে করা হচ্ছে। ফলে ঠিকমত কাজ এগুচ্ছে না। লোডশেডিং ছাড়াও হর-হামেশাই স্থানীয় পর্যায়ে লাইনে গোলমাল দেখা দিচ্ছে। বহু লোক নতুন কানেকশনের জন্য টাকা জমা দিয়েও দীর্ঘদিন ধরে কানেকশন পাচ্ছেন না। নতুন কানেকশনের জন্য ৩০-৪০ টাকা মূল্যের সরঞ্জাম দিয়ে আদায় করা হচ্ছে সাড়ে ৪শো টাকা। মির্জাপুর গ্রামেও একই অবস্থা। কানেকশনের আশায় দিন গুণছেন কয়েকশো গৃহস্থ। অনেকে আবার সেখানে বে-আইনীভাবে পোল থেকে লাইন টেনে কাজ চালাচ্ছেন। জঙ্গিপুর শহরে নতুন লাইন দেওয়ার কাজ বন্ধ রাখা হয়েছে পোলের অভাবে। খবর নিয়ে দেখা গেছে এই এলাকার প্রায় ৭শো মিটার খারাপ হয়ে পড়ে আছে। অথচ এই খারাপ মিটারের জন্য গৃহস্থদের মাসে মাসে ভাড়া গুণতে হচ্ছে। শুধু তাই নয়, হিসেব মত বিদ্যুতের বিলও দিতে হচ্ছে তাদের ব্যবহৃত বিদ্যুতের চেয়ে অনেক বেশী। এই সব অব্যবস্থার উপরে আবার 'গোদের উপর বিষফোড়ার' মত দেখা দিয়েছে ভয়াবহ লোডশেডিং। দিনে-রাতে ২-৩ ঘন্টাও ঠিকমত বিদ্যুৎ মেলেনি গত কয়েকদিনে। স্থানীয় ব্যবসাদার. শিল্প মালিকেরা ক্রমশঃ তিতি-বিরক্ত হয়ে উঠেছেন। তাদের এই বিরক্তি এবং ক্ষতি ক্ষমতাসীন বামফ্রন্টের পক্ষে ক্ষতিকারক হয়ে উঠেছে। জানা গেছে এই দুঃসহ লোডশেডিং আরও কিছুদিন চলবে।

## স্কুলে ফি আদায় নিয়ে কড়া হুঁশিয়ারী

বিশেষ সংবাদদাতা : সরকার নির্দ্ধারিত হারের চেয়ে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বেশী 'ফি' আদায় করা হলে শিক্ষা দপ্তর অভিযুক্ত স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবেন। প্রয়োজনে স্কুলের অনুমোদনও বাতিল করা হবে। জেলার কয়েকটি জুনিয়র ও হাইস্কুল উচ্চ হারে খেয়ালখুশী মত ফি আদায় করছে বলে অভিযোগ উঠায় রাজ্য সরকার জেলার শিক্ষা বিভাগের কর্মকর্তাদের কাছে (৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## জঙ্গিপুর কলেজে এস এফ-এর ভরাডুবি

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর কলেজে ছাত্র সংসদ নির্বাচনে সি পি এমের ছাত্র সংগঠন এস এফ আই-এর ভরাডুবি ঘটেছে। মঙ্গলবার এই নির্বাচন অনুষ্ঠিত হয়। মোট ৯৮টি আসনের মধ্যে ছাত্র পরিষদ (আই) এককভাবে ৭৮ টিতে জয়ী হয়েছে। অবশিষ্ট ২০ টির মধ্যে ১৮টি পেয়েছে এস এফ আই। অন্য ২টির মধ্যে নির্দ্দল ও ডি এস ও একটি করে আসন লাভ করেছে। বিপুল উত্তেজনা ও প্রতিদ্বন্দ্বিতার মধ্যে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

## পরলোকে ফণী বিশ্বাস

নিজস্ব সংবাদদাতা : ম্যালেরিয়ার ওষুধ 'বিশ্বাস রস বটিকা' ও ঘায়ের ওষুধ 'পচারী বটী'র আবিষ্কারক স্বনামধন্য ফণীভূষণ দাস বিশ্বাস ১২ জানুয়ারী তাঁর সাগরদীঘি বাসভবনে পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। একেবারে নিঃস্ব অবস্থা থেকে ধাপে ধাপে যাঁরা বড় হয়েছেন নিজের (৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

জেরক্স ঘর যোগাযোগ ঃ পণ্ডিত প্রেস ঃ রঘুনাথগঞ্জ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৯ই মাঘ, বুধবার, ১৩৯১ সাল।

## প্রজাতন্ত্র দিবসের আশা

[২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবসের প্রাক্ মুহূর্ত্তে আমাদের দেশের রাষ্ট্র-নীতির অবস্থা পর্য্যালোচনা সাপেক্ষে সম্পাদকীয় প্রবন্ধ লিখিতে যাইয়া মনে পড়িল আজ হইতে ৪৪ বৎসর পূর্বে লিখিত দাদাঠাকুরের একটি সম্পাদকীয় রচনা। রচনাটি প্রকাশিত হইয়াছিল বাংলা ১৩৪৭ সালে ২৭শ বর্ষ ২৯শ সংখ্যায়। সেই রচনার যে অংশটি বর্তমানেও অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায় তাহার উল্লেখ করিবার লোভ সংবরণ করিতে পারিলাম না।
—সম্পাদক]

"আধুনিক রাষ্ট্রনীতি বিজ্ঞানে পররাষ্ট্রনীতির প্রাধান্য বেশ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। পররাষ্ট্রনীতি, পররাষ্ট্র-নীতি, পররাষ্ট্রনীতি—অভিনব এই রহস্যময় কথাটা পৃথিবীর প্রায় সর্বত্র রাষ্ট্র হ'য়ে গেছে। সত্য কথা বলতে কি, কথাটার যথার্থ অর্থ আমি বুঝতে পারি না। আপন রাষ্ট্রের অর্থ, স্বার্থ, শাসন, বাণিজ্য প্রভৃতির সঙ্গে অন্যান্য প্রতিবাসী রাষ্ট্রের অর্থ বাণিজ্যাদির যোগ সম্বন্ধে সুচারুরূপে নিয়ন্ত্রিত করবার এবং স্বাত্মার সঙ্গে পরমাত্মার সর্ববিধ অধিকার স্বীকার করা ও করানোর নীতিকে পররাষ্ট্রনীতি বলবো, না আপন রাষ্ট্রের অস্ত্রবল ও লোকবলের সহায়তায় অন্যান্য রাষ্ট্রকে পদানত করবার এবং পদানত রাখবার কূট-নীতি ও বীভৎস অভিলাষকে পররাষ্ট্র নীতি আখ্যা দেব?" তারপরের অংশে দাদাঠাকুর লিখেছেন ছলেবলে কৌশলে আপন শক্তিমত্তার দাপটে দুর্বল রাষ্ট্রকে নিজ দলভুক্ত করিবার যে কৌশল পূর্ণ নীতিরূপ অনীতিকে কি কখনও সুন্দর পররাষ্ট্রনীতি মনে করা সম্ভব?

আমেরিকা বা রাশিয়া দুই বৃহৎ শক্তিশালী রাষ্ট্র কিন্তু তাদের এই কৌশলী নীতিকেই অতি সুসম্পন্নভাবে সমগ্র পৃথিবীতে পরিবেশিত করিতে সচেষ্ট। আর আমরা স্বাধীন ভারতের পরম বিজ্ঞ শাসনকর্তারা এবং নেতৃবৃন্দ তাদের সেই অপরূপ মোহজালে আকৃষ্ট হইয়া আমাদের পররাষ্ট্রনীতি নির্ধারিত করিয়া চলিয়াছি।

আমাদের রাষ্ট্রনায়কেরা আমেরিকাকে সম্পূর্ণ উপেক্ষা না করিয়াও তাহাদিগকে যুদ্ধকামী দেশরূপে চিহ্নিত করিয়া রাশিয়ার বন্ধুত্বকে শান্তিকামী দেশ হিসাবে গ্রহণ করিয়াছেন। আমাদের পররাষ্ট্রনীতির মূলকথা "যুদ্ধ নয় শান্তি চাই।" সমগ্র বিশ্বের দুই মহা শক্তিধর দেশের মধ্যে "তৃতীয় বিশ্ব" সৃষ্টি করিতেছি নির্জোট দেশের নেতৃত্বের মধ্য দিয়া। কিন্তু তীব্রভাবে না রাশিয়া না আমেরিকা কাহারও অনীতির বিরুদ্ধে ধিক্কার জানাইতে পারিতেছি না। শুধু মিষ্ট ভাষার মাধ্যমে তাহা-দিগকে পরিবর্তিত করিতে চেষ্টা করিতেছি মাত্র। কিন্তু তাহাতে তাহাদের শুভ বুদ্ধির উদয় হইবে এমত বোধ হইতেছে না। আমাদের সুমিষ্ট নিন্দাবাক্যে রাশিয়া আফগানিস্থান ত্যাগ করিয়া চলিয়া যাইতেছে না। আমেরিকাও তাহার সর্বগ্রাসী যুদ্ধ নীতির মতবাদ পরিত্যাগ করিয়াছে এমন ধারণার কোন কারণ নাই।

অবশ্য উভয়েই সহজেই উপলব্ধি করিতেছে পৃথিবীর মানুষ তাহাদের এই অনীতি সমর্থন করে না। শুধু মাত্র তাহারা তাহার প্রতিবাদ করিতে সক্ষম হইতেছে না। যে কারণে উভয় শক্তিধর দেশ পৃথিবীর অধিকাংশ রাষ্ট্রকে স্বদলভুক্ত রাখিবার মানসে নিজ নীতির সমর্থনে কথার ফুলঝুরি ঝরাইয়া যুক্তির মোহজাল বিস্তারে ব্যস্ত। তাহাদের ধারণা একমাত্র তাহারাই বুদ্ধিমান, অন্যরা নির্বোধ। কিন্তু অন্যান্য রাষ্ট্র কি কোন দিনই সজাগ হইয়া এই প্রশ্নে মুখরিত হইবে না, যে তোমাদের কোন প্রয়োজনে তোমরা অপর রাষ্ট্রের নিজস্ব ঘরোয়া ঘটনায় হস্তক্ষেপ করিতেছ? আমেরিকাকে যদি প্রশ্ন করা হয় তোমার নীতিই যদি শ্রেয় তবে তোমার দেশে আজও শত শত বেকার দরিদ্র কেন? রাশিয়াকেও কি প্রশ্ন করা যায় না তোমার দেশে কতটুকু ব্যক্তি স্বাধীনতা বর্তমান? যদি তোমার আগ্রাসী মনোভাব না থাকে তবে আফগানিস্থানে তোমার হস্তক্ষেপের প্রয়োজন কি? তদুপরি ভারতের পররাষ্ট্রনীতির স্বরূপই বা কি? যে কোন দেশের পররাষ্ট্রনীতির পরিপূরক তাহার স্বরাষ্ট্রনীতি। তাহলে বামপন্থী মার্ক্সবাদী দলগুলি যখন ভারতের পররাষ্ট্রনীতিকে সমর্থন করিতেছেন তখন তাহারা স্বরাষ্ট্রনীতিকে কেন সমর্থন করিতে পারিতেছেন না। অতএব একথা অনস্বীকার্য যে নিশ্চয়ই এই সমর্থনের পশ্চাতে কোন কৌশলগত কারণ বর্তমান।

২৬শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে সেই কারণেই ভারতের সাধারণ সহজ সরল সুনীতির প্রতি শ্রদ্ধাযুক্ত মানুষ তাদের সুখ স্বাচ্ছন্দ স্বাতন্ত্র্যরক্ষাকারী স্বরাষ্ট্র ও পররাষ্ট্রনীতি আশা করে রাষ্ট্রনায়কদের ও নেতাদের নিকট হইতে। সাধারণ মানুষ আশা করে দারিদ্রের অবসান। আশা করে সাম্য, শান্তির সমাজ, এক সমাজবাদী রাষ্ট্র ব্যবস্থার। যে ব্যবস্থার মাধ্যমে ধনী-দরিদ্রের ভেদাভেদ দূরীকৃত হইবে। রাষ্ট্র ব্যবস্থা সকল সমাজের শিক্ষা, আবাসন, খাদ্যের জীবনধারণের সকল অভাব অভিযোগ দূরীকরণে হইবে সচেষ্ট।

### লেপরোস্কোপিক লাইগেশান শিবির

রঘুনাথগঞ্জ : গত ১৬ জানুয়ারী রাজ-নগর স্বাস্থ্যকেন্দ্রে মায়েদের স্থায়ীভাবে সন্তান বন্ধ করার এক নতুন পদ্ধতি 'লেপরোস্কোপিক লাইগেশান' শিবিরের আয়োজন করা হয়েছিল। মোট ১০৩ জন মায়েদের এই অপারেশান করা হয়। বিশেষ শিক্ষা প্রাপ্ত চিকিৎসক দ্বারা এই অপারেশান করা হয়। মাত্র কয়েক মিনিটে অজ্ঞান না করে ২-৩ ঘণ্টা পর ছেড়ে দেওয়া হয়।

### শিক্ষা প্রদর্শনী

জিয়াগঞ্জ : গত ১১, ১২ ও ১৩ জানুয়ারী স্থানীয় শ্রীপৎ সিং কলেজের জীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও ছাত্রদের উদ্যোগে প্রাণী ও উদ্ভিদ জগতের উপর এক প্রদর্শনীর ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানে ১২ ফুট লম্বা মেছো কুমীর ও গুটি পোকা চাষের উপর আলোকচিত্র দেখান হয়।

### জঙ্গিপুর বারে নির্বাচন

রঘুনাথগঞ্জ : গত ৭ জানুয়ারী জঙ্গিপুর আদালতের আইনজীবী বার এসো-সিয়েশনের ১৯৮৫ সালের নির্বাচনে সেখ মহিবুল্লাকে সভাপতি ও মুক্তা ঘোষালকে সম্পাদক নির্বাচন করে ১৬ জনের একটি কমিটি গঠন করা হয়।

### পরলোকগমন

রঘুনাথগঞ্জের বস্ত্র ব্যবসায়ী বামাচরণ প্রামাণিক গত ২ জানুয়ারী পরলোক গমন করেন। তিনি বিভিন্ন ধর্ম্ম প্রতিষ্ঠানের সঙ্গে নিরলসভাবে যুক্ত ছিলেন। মৃত্যুর কিছু দিন পূর্বে রামকৃষ্ণ সেবাশ্রমকে তিনি একটি দোতলা বাড়ী দান করেন। আমরা তাঁর আত্মার শান্তি কামনা করছি।

### গরু চুরির হিড়িক

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার মনিগ্রামের বিরিঞ্চিকুমার ভট্টাচার্য্যের গত ২১-১২ ৮৪ ৪টি বলদ, খেরুর গ্রামের এক চাষীর ২৫-১২ ৮৪ দুটো বলদ এবং মনিগ্রামের উত্তমকুমার ঘোষের ৯-১ ৮৫ দুটো মহিষ গোয়াল থেকে তালা ভেঙ্গে চোরেরা চুরি করে নিয়ে গিয়েছে। গ্রাম বাসীদের বক্তব্য রঘুনাথগঞ্জ থানার গঙ্গাপ্রসাদ গ্রামের কিছু দুর্বৃত্ত এইসব গরু-মহিষ চুরি করে বাংলাদেশে মোটা টাকায় পাচার করছে।

### খেলার খবর

জঙ্গিপুর : কেরালার ত্রিবান্দ্রামে অনুষ্ঠিত জাতীয় স্কুল ক্রীড়া প্রতিযোগিতায় বাংলা স্কুল দলে জঙ্গিপুর স্কুলের ছাত্র ও অগ্নিফোর্জ এ্যাথলেটিক ক্লাবের সভ্য শ্রীনাথ চক্রবর্ত্তী (১০০ মিঃ রান, ১০০ মিটার হার্ডল্স ও ৪×১০০ মিটার রিলে) এবং বহরমপুরের আরতি ঘটক (জ্যাভেলিন), সইদুল ইসলাম (লংজাম্প ট্রিপলজাম্প) ও রেখা চক্রবর্ত্তী (১০০ মিটার, ২০০ মিটার ও ৪×১০০ মিটার রিলে) প্রতিনিধিত্ব করার সুযোগ অর্জন করে। ৭-১-৮৫ তারা কেরালায় জাতীয় স্কুল ক্রীড়ায় অংশ নিতে চলে গিয়েছে।

### ক্রীড়া প্রতিযোগিতায় পচা রুটি

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি সার্কেলের বালিয়া আঞ্চলিক ক্রীড়া প্রতি যোগিতা গত ৭ ১ ৮৫ অনুষ্ঠিত হয়। এই ক্রীড়া প্রতিযোগিতায় বালিয়া গ্রাম পঞ্চায়েত এলাকার প্রাথমিক, বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ অংশ গ্রহণ করে। প্রত্যেক প্রতিযোগীকে দুপুরের টিফিন পচা দুর্গন্ধ রুটি বিতরণ করা হলে শিক্ষকদের মধ্যে গুঞ্জন শোনা যায়। ক্ষুধার তাড়নায় ছাত্রছাত্রীরা অখাদ্য রুটি খেতে বাধ্য হয়। রুটির প্রস্তুতকারক রঘুনাথগঞ্জের এক স্বনাম ধন্য বেকারী। এ ব্যাপারে ডি আই এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রকার বস্ত্রের বিপুল সমাবেশ—

ধন্নালাল
মোহনলাল জৈন

জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা কম মূল্যে সবরকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ ॥ ফোন : ধুলিয়ান ৫

NATIONAL THERMAL POWER CORPORATION LTD.

( A Government of India Enterprise )

FARAKKA SUPER THERMAL POWER PROJECT

Sealed tenders are invited from experienced and registered contractors of NTPC/CPWD/RAILWAY/WBSEB and public sector undertakings for the following works. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender document for the works. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I. P. O. payable at post office, Khejuriaghat or demand draft in favour of 'National Thermal Power Corporation Ltd.', payable on State Bank of India at Farakka along with a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 24. 1. 85 to 12. 2. 85 from 9-00 hrs. to 12-00 hrs. and 14-30 hrs to 16-00 hrs Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Aprox. value Completion period ( in lakhs ) | E. M. D./ Cost of paper ( in Rs. ) | Date & time of opening |
|---|---|---|---|---|
| 1. | Construction of 3 storied bar-rack of CISF complex of FSTPP. N. I. T. FS : 42 : CS : 552/T3-/85. | 40<br>12 months | 50,000/-<br>100/- | 14. 2. 85 at 10 a. m. |
| 2. | Construction staff quarters in guest house complex of FSTPP. N. I. T. FS : 42 : CS : 554/T-4/85 | 1·85<br>6 months | 3700/-<br>50/- | 14. 2. 85 at 10 a. m. |
| 3. | Civil works for dust suppression water pump house at plant site of FSTPP. N. I. T. FS : 42 : CS : 773/T-5/85 | 6·63<br>6 months | 13,500/-<br>50/- | 14. 2. 85 at 10 a. m. |

## TERMS AND CONDITIONS

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.
3. Tender received late and/or without Earnest money will not be entertained. Adjustment of Earnest Money against Running Account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers Registered with any other project of N. T. P. C. are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest money in prescribed form 'Earnest Money of......................enclosed should be clearly be written on the top of the Envelope containing tender paper failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).
4. N. T. P. C. takes no responsibilities for delay or non-receipt of tender documents sent by post.

Dy. Manager (Contracts)
Farakka Super Thermal Power Project.
( N. T. P. C. )
P. O. Nabarun, Dt. Murshidabad : West Bengal
Pin—742236

## ফণী বিশ্বাস

(১ম পৃষ্ঠার পর)

প্রচেষ্টায় ফণীভূষণ ছিলেন তাঁদেরই একজন। জন্ম ১৯০১ খৃষ্টাব্দে। তারপর এখান সেখান করে শেষে অধুনা বাংলাদেশের কনসাটপোকরা গ্রামে এক দয়ালু ব্রাহ্মণের আশ্রয়ে থেকে লেখা-পড়া শেখেন। পরবর্তীকালে সাগরদীঘিতে একটি বালিকা বিদ্যালয় খোলেন। তাঁর বিদ্যালয় থেকে প্রতি বৎসর একজন করে ছাত্রী সেই যুগে বৃত্তি পেতেন। ১৯১৯ সালে ষ্ট্যাম্প ভেণ্ডার লাইসেন্স পান। ১৯২৯ সালে অবিভক্ত ভারতবর্ষে ম্যালেরিয়া মহামারী রূপে দেখা দিলে তিনি আবিষ্কার করেন 'বিশ্বাস রস বটিকা'। তাঁর ওষুধ অল্পদিনের মধ্যেই সুখ্যাতি লাভ করে। ওই ওষুধ খেয়ে ম্যালেরিয়া রোগ থেকে আরোগ্য লাভ করে উজ্জয়িনীর মহারাজা পাইক-বরকন্দাজ নিয়ে সাগরদীঘি এসে ওষুধের আবিষ্কারক ফণীভূষণের সঙ্গে দেখা করে যান। বর্তমানে তাঁর আর একটি আবিষ্কার 'পচারী বটী' ভারতবর্ষের সর্বত্র চালু আছে। তাঁর জার্মান ল্যাবরেটারি' সাগরদীঘিতে এখনও দ্বিতীয় আবিষ্কারের ওষুধটি তৈরী করে চলেছে।

## কড়া হুঁশিয়ারী

(১ম পৃষ্ঠার পর)

এ ব্যাপারে পুনরায় একটি জরুরী নির্দ্দেশ পাঠিয়েছেন। ওই নির্দ্দেশে বলা হয়েছে প্রতিটি ছাত্রের কাছ থেকে শহরাঞ্চলে ৪০.৫০ টাকা এবং গ্রামাঞ্চলে ৩১.০০ টাকা আদায় করা যাবে এর বেশী হারে ফি বা অতিরিক্ত অর্থ আদায় রাজ্য সরকার কঠোর ভাবে নিষিদ্ধ করেছেন। বহরমপুরে শিক্ষা দপ্তরের জনৈক মুখপাত্র জানান, মুরশিদাবাদের কোথাও কোথাও স্কুলঘর তৈরীর নামে যথেচ্ছভাবে ছাত্রদের কাছ থেকে ভর্তির সময় অর্থ আদায় করার অভিযোগ উঠেছে। এই সব অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে। ওই মুখপাত্রটি কোথাও এ ধরনের ঘটনা ঘটলে বা ছাত্র ভর্তির নামে অযথা হয়রাণ করা হলে জেলার শিক্ষা আধিকারিক, শিক্ষাভবন, বহরমপুর এই ঠিকানায় অভিযোগ জানাতে বলেছেন।

## ট্রাক দুর্ঘটনায় হত ৩

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানার প্রসাদপুর গ্রামের কাছে ৩৪ নং জাতীয় সড়কে এক ট্রাক দুর্ঘটনায় ৩ ব্যক্তি প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে ট্রাকের ড্রাইভারও রয়েছেন। পাথর বোঝাই ওই ট্রাকটি বহরমপুর অভিমুখে যাচ্ছিল। দুর্ঘটনাটি ঘটেছে মঙ্গলবার রাত্রে। এই দুর্ঘটনায় আহত হয়েছেন ৭ জন যাত্রী। তাদের মধ্যে ৩ জনের অবস্থা আশংকাজনক। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## স্থান পরিবর্ত্তন

গৌড় গ্রামীণ ব্যাঙ্ক, বাড়ালা শাখা বর্তমান গৃহ হইতে বাড়ালা গ্রামস্থ শ্রীদুর্গাপ্রসন্ন ব্রহ্মচারীর গৃহে আগামী ৪ঠা ফেব্রুয়ারী, '৮৫ সোমবার স্থানান্তরিত হইবে।


পানে ও আপ্যায়নে

**চা ঘরের চা**

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

দুর্গাপুর সিমেণ্ট ওয়ার্কস এর উন্নত মানের এবং নির্ভরযোগ্য ফ্রি সেল দুর্গাপুর সিমেণ্ট আপনার চাহিদা মতো এখন রঘুনাথগঞ্জেও পাবেন।

একমাত্র পরিবেশক :—

**এম, এল, মুন্দ্রা**

পাকুড়তলা, রঘুনাথগঞ্জ

( বন্ধু সমিতি ক্লাবের পাশে )

হেড অফিস : জঙ্গিপুর, সাহেববাজার

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেণ্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি

কোম্পানীর অনুমোদিত ডিলার

**ইউনাইটেড ট্রেডিং কোং**

প্রোঃ রতনলাল জৈন

পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ফোন: জঙ্গি ২৭, রঘু ১০৭

সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

**এ সি সি**

আপনাদের পরিচিত ডিলারের নিকট হইতে আসল এ সি সি সিমেণ্ট ক্রয় করুন। ক্যাশ মেমো ছাড়া সিমেণ্ট ক্রয় করিবেন না। নকল সিমেণ্ট হইতে সতর্ক থাকুন!

ষ্টকিষ্ট : দীপককুমার আরুকিয়া

রঘুনাথগঞ্জ

C/o. পাতিয়া আগরওয়ালা

ফোন : রঘু ৩৩

জনপ্রিয় "রাকেশ" ব্রাণ্ডের ইট ব্যবহার করুন।

**বিয়ের যৌতুকে, উপহারে ও নিত্য ব্যবহারের জন্য সৌখীন ষ্টীল ফার্ণিচার**

এখানে বিশিষ্ট কোম্পানীর ষ্টীল আলমারী, সোফা কাম বেড, ষ্টীল চেয়ার, ফোল্ডিং খাট, ডাইনিং টেবিল, পিউরো ওয়াটার ফিল্টার ইত্যাদি ন্যায্য দামে পাবেন। এছাড়া অফিসের জন্য গোদরেজ, রাজ এণ্ড রাজ, বোম্বে সেফের যাবতীয় আসবাবপত্র কোম্পানীর দামে সরবরাহ করা হয়।

**সেনগুপ্ত ফার্ণিচার হাউস**

রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

**বসন্ত মালতী**

**রূপ প্রসাধনে অপরিহার্য**

**সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড**

কলিকাতা ॥ নিউ দিল্লী




ফোন : ১১৫

সকলের প্রিয় এবং বাজারের সেরা

**ভারত বেকারীর প্রাইজ ব্রেড**

মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।